



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd


পত্র নং : ৫০৮/মাধ্য-পরী/২০০০/৩৬০

তারিখ : ১৫/০১/২০১৯ খ্রি:

বিষয় : ২০১৯ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও শান্তিপূর্ণ পরিবেশে গ্রহণের লক্ষ্যে মতবিনিময় সভায় উপস্থিত হওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০১৯ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা সুষ্ঠু, সুন্দর, নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে গ্রহণের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে এক মতবিনিময় সভা আগামী ২০/০১/২০১৯ তারিখ রবিবার বেলা ১১:০০ টায় ঢাকা শিক্ষা বোর্ডের মিলনায়তনে (০৪নং ভবনের ৭ম তলা) অনুষ্ঠিত হবে। উক্ত মতবিনিময় সভায় তাঁকে (প্রতিনিধি নয়) উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।



প্রফেসর তপন কুমার সরকার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৬৯৮১৫

কেন্দ্র সচিব

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র- ২০১৯

জ্ঞাতার্থে :

- ১। সচিব, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (মাধ্যমিক) শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি।